

বিনিয়োগকারীরা এ রাজ্যে আসছেন—
সেটাই কি বোঝায় না যে পশ্চিমবঙ্গ এগিয়ে যাচ্ছে ?

বিনিয়োগের নতুন সুযোগ-সুবিধে এবং পরিবর্তনশীল শিল্পনীতি এ রাজ্যে শিল্প পুনর্গঠনে বিপুল পরিবর্তন এনেছে। পশ্চিমবঙ্গের জি ডি পি'র বার্ষিক বৃদ্ধির হার ৭.২% এবং শিল্প উৎপাদন বৃদ্ধির হার ৪.৬%। রাজ্যে বিনিয়োগের মাত্রা ৯৯-০২ সালে ছিল ১,৮১৭ কোটি টাকা আর ২০০২ সালে বেড়ে হয় ২,৩২৬ কোটি টাকা। ২০০৩ সালে তা পৌঁছোয় ২,৩৩৫.১৯-তে, ১৩৭ নতুন প্রোজেক্টও এবছরেই নির্মিত হয়। ৭৫% বিনিয়োগ ইম্পাত ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল, পেট্রোকেম, সিমেন্ট ইত্যাদি শিল্পে। কৃষিশিল্প, তথ্য প্রযুক্তি, জহরত শিল্প ইত্যাদিতেও ক্রমবর্ধমান বিনিয়োগ দেখছে রাজ্য। ন্যাশনাল স্যাম্পল্ সারভে অনুযায়ী পশ্চিমবঙ্গে ২৭.৭ লক্ষ ক্ষুদ্র শিল্প, যেখানে ৫৮.৭ লক্ষ মানুষের কর্মসংস্থান। দেশের অন্যসব রাজ্যের তুলনায় যা বেশি। ক্ষুদ্রশিল্পেও পশ্চিমবঙ্গ ভারতবর্ষের অন্যান্য শীর্ষস্থানীয় রাজ্যগুলির মধ্যে অন্যতম।

পশ্চিমবঙ্গ সরকার

ক্ষুদ্র ও কুটির শিল্প— এক বৃহৎ বিপ্লব

ক্ষুদ্রশিল্পে পশ্চিমবাংলা ভারতবর্ষে সর্বপ্রথম স্থানে। হাজার হাজার গ্রামের মানুষের জীবনে আর্থিক নিশ্চয়তা ও তার সুফল-শিক্ষাদীক্ষা ও আত্মবিশ্বাস-এসেছে ক্ষুদ্রশিল্পের হাত ধরে। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকারের শিল্পনীতি শুরু হয়, ক্ষুদ্রশিল্পকে উৎসাহিত করা হয় অর্থ নিগম ও নানা আর্থিক সংগঠন, প্রশিক্ষণ ব্যবস্থা, বাণিজ্য পরিকাঠামো, ইত্যাদির মাধ্যমে। ২০০২-০৩ সালে, ১,৬৩০ ক্ষুদ্রশিল্পকেন্দ্র রেজিস্টার করা হয়। ২০০৩-০৪ সালে আরও ১০৫৪ ইউনিট বাড়ে, ৬,৬৫৬ মানুষের কর্মসংস্থান হয়। ৫,৯৩৩টি প্রোভিসনাল রেজিস্ট্রেশনও হয়, যেখানে কমপক্ষে ৩৬,৩৭৫ কর্মসংস্থান অবশ্যস্বাবী। এই নীরব বিপ্লব পশ্চিমবাংলার কোণে কোণে।

পশ্চিমবঙ্গ সরকার

বামফ্রন্ট সরকারের হাত ধরে

তথ্য প্রযুক্তির প্রথম সারিতে পশ্চিমবাংলা
বামফ্রন্ট সরকারের হাত ধরে শিল্প পরিকাঠামো,
সুশৃঙ্খল সমাজব্যবস্থা, শিক্ষিত জনসংখ্যা, ইত্যাদি
কারণে তথ্য প্রযুক্তির বিনিয়োগ দ্রুতগতিতে বাড়ছে
এই রাজ্যে। আই টি ই এস নীতি ও তার সঙ্গে
তথ্য শিল্পকে বিশেষ সুযোগ-সুবিধে দেওয়া প্রথম
রাজ্যগুলির মধ্যে একটি হল পশ্চিমবঙ্গ। জনসেবায়
তথ্য প্রযুক্তি ব্যাপকভাবে নিয়োগ হয়েছে। গত
ক'বছরে, অন্তত ১৮৫টা সফটওয়্যার ফার্ম নির্মিত
হয়েছে, যেখানে কমপক্ষে ১৬,০০০ মানুষের
কর্মসংস্থান। ইতিমধ্যেই সল্টলেক-এর ইলেকট্রনিক
কমপ্লেক্স প্রায় ভর্তি। সেখানে এসেছে টাটা
কনসালটেন্সি, আই বি এম, উইপ্রো, আসছে সত্যম
এবং আরও অনেক বহুজাতিক সংস্থা।

পশ্চিমবঙ্গ সরকার

Rs. Ten Only

Editor : ANIL BISWAS

Office : Muzaffar Ahmad Bhaban, 31, Alimuddin Street,
Kolkata-700016